জেলজীবনের আলপনা

শাইখ আবু হুজাইফা আস-সুদানী
হাফিজাহুল্লাহ

জেলজীবনের আলপনা
শাইখ আবু হুজাইফা আস-সুদানী হাফিজাহুল্লাহ
الفردوس
AL-FIRDAWS
আল-ফিরদাউস

জেলজীবনের আলপনা
শাইখ আবু হুজাইফা আস-সুদানী হাফিজাহুল্লাহ

অনুবাদ
মারওয়ান হাদীদ

সম্পাদনা
ইলয়াস আমিন

প্রকাশক
আহমাদ ফরিদ

প্রথম প্রকাশ
জামাদিউল উলা ১৪৩৯ / ফেব্রুয়ারী ২০১৮

অলংকরণ
আহমাদ আব্দুল্লাহ

মূল্যঃ ১৮০ টাকা

আল-ফিরদাউস মিডিয়া

إِنَّ عِظَمَ الجَزَاءِ مَعَ عِظَمِ البَلَاءِ، وَإِنَّ اللَّهَ إِذَا أَحَبَّ قَوْمًا ابْتَلَاهُمْ،
فَمَنْ رَضِيَ فَلَهُ الرِّضَا، وَمَنْ سَخِطَ فَلَهُ السَّخَطُ

"নিশ্চয়ই বিপদ বাড়ার সাথে সাথে প্রতিদানও বৃদ্ধি পায়, আর আল্লাহ তাআলা যখন কোনো জাতিকে ভালোবাসেন; তখন তাদেরকে পরীক্ষায় ফেলেন। যে ব্যক্তি পরীক্ষার এ কঠিন মুহূর্তেও সন্তুষ্ট থাকে, আল্লাহ তাআলাও তার ওপর সন্তুষ্ট থাকেন। আর যে ব্যক্তি অসন্তুষ্ট হয়, আল্লাহ তাআলাও তার ওপর অসন্তুষ্ট হোন।"

-সুনানে তিরমিযী: ৬০১

প্রকাশকের কথা

কারাগারের অভ্যন্তরেও অনেক বড় যুদ্ধ সংঘটিত হয়, যার গুরুত্ব সরাসরি শত্রুদের সাথে উম্মাহর লড়াই থেকে কোনো অংশে কম নয়। বিভিন্ন ময়দানে যে ভয়াবহ যুদ্ধ সংঘটিত হয়, তার ভয়াবহতা থেকে কোনো অংশে কম নয় কারাগারের এ যুদ্ধের ভয়াবহতা। এটা হচ্ছে অস্তিত্ব রক্ষা ও বেঁচে থাকার লড়াই। চড়া মূল্যের বিনিময়ে উন্নত বিশ্বাস এবং নৈতিক বিজয় অর্জনের লড়াই। এটি এমন এক লড়াই, যাতে পাশবিকতা ও জুলুমের মাত্রা সীমালঙ্ঘন করে; সাহসী বন্দী মুসলিম সৈনিকদের দৃঢ়তা ও অটলতা থেকে সরিয়ে তাঁদেরকে দ্বীন থেকে ফিরিয়ে নেওয়ার অপচেষ্টা চলে। কিন্তু তাঁদের কাছে সেই নির্মম পাশবিকতাকে মনের গভীরে প্রোথিত ঈমানের দীপ্ত শিখার সামনে অতি সামান্যই মনে হয়। যে শিখা জ্বলে ওঠেছিল কুরআনের সাহায্যে এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দিকনির্দেশনায়। তাই তো এসব সোনার মানুষকে মৃত্যু কিংবা শাস্তির ভয় মোটেও ভাবিয়ে তোলে না। জীবনের কঠিনতম মুহূর্তগুলো তাঁদের কাছে মনে হয় বিপদের মাধ্যমে নেকির পাল্লা ভারী করার অনন্য সোপান। সুতরাং কে তাঁদের পরাজিত করতে সক্ষম? বিপদ যাঁদের দৃঢ়তা, আত্মমর্যাদা ও আশাবাদ বাড়িয়ে দেয় শতগুণে। কারাগারের নিপীড়ন-নির্যাতন যাঁদেরকে আসমানের সিড়ি বেয়ে ওপরে ওঠতে সহায়তা করে। আসমান-জমিনের পালনকর্তার নিকটতম হওয়ার সুযোগ করে দেয়। কেবা তাঁদের বিজয় ঠেকায়?!

এ গ্রন্থ প্রজ্ঞা ও ভালোবাসার স্পন্দন সৃষ্টি করবে হৃদয়জুড়ে। কালোরঙা জ্বলজ্বলে হরফগুলি আলো ছড়াবে দক্ষতা, অভিজ্ঞতা, বাস্তব অনুভূতি ও সত্য কিছু অনুভবের চিত্রাবলির। যা আমাদের জন্য স্বীয় নিপুণ তুলির আঁচড়ে এঁকে দিয়েছেন শাইখ আবু হুজাইফা আস-সুদানী হাফিজাহুল্লাহ (কারাগারে আল্লাহ তাঁর সংগ্রামকে কবুল করুন)। তাগুতের রক্তচক্ষু উপেক্ষা করে আগুনের কারাগারে বসে তিনি ভগ্নহৃদয়ের আবেগ ও মাধুরী মিশিয়ে আমাদের জন্য এক অনুপম স্টাইলে উপস্থাপন করেছেন সেসব অভিজ্ঞতা। হৃদয়-আঁচড়ে এঁকেছেন এসব আলপনা। তিনি আমাদেরকে জানিয়েছেন কিছু ভাইয়ের অবিশ্বাস্য গল্প, যাঁরা ঘুটঘুটে অন্ধকার পরিস্থিতিতে নিজেদেরকে অবিচলতার কিংবদন্তি হিসেবে প্রমাণ করেছেন। আসুন, আমরা জেনে নিই কী তাঁদের গল্প? কী সেই জেলজীবনের আলপনা?....

সূচিপত্র

ভূমিকা

نحمده و نصلي على رسوله الكريم أما بعد

'জেলজীবনের আলপনা'– এ কোনো কল্পিত কাহিনী নয়, নয় রূপকথার গল্প। এ হচ্ছে একজন মাজলুম বন্দীর অভিজ্ঞতার অম্লমধুর সার-নির্যাস। যিনি ধৈর্য ও পরীক্ষার কত অমসৃণ প্রান্তরে তৃষ্ণার্ত চষে বেড়িয়েছেন; যা তাঁর ভাষায় এনে দিয়েছে অনুপম বুনন। তাঁর এ লেখনীর মাধ্যমে কখনো আমরা কারাগারের রীতিনীতির সাথে পরিচিত হই আবার কখনো বন্দী ভাইদের চারিত্রিক গুণাবলিতে মুগ্ধ হই। কখনো তিনি আমাদের নিয়ে ওড়াল দেন কর্তৃপক্ষের শত ষড়যন্ত্র সত্ত্বেও ভাইদের আত্মত্যাগ, সংঘবদ্ধতা ও ধৈর্যের অন্য এক ভুবনে। সত্যিই শিক্ষনীয় প্রতিটি কথা। যা আমাদের চলার পথে অনেক অনেক সাহস জোগাবে।

এর প্রত্যেকটি বর্ণ লিখেছেন দূরদৃষ্টিসম্পন্ন এমন এক প্রাজ্ঞ বন্দী; যাঁর প্রত্যেকটি অনুভব, প্রত্যেকটি আলপনা আমাদের জাগিয়ে তোলে– বিপদে নিপতিত মুসলিম বন্দী ভাইদের আত্মিক সৌন্দর্যের আলোকচ্ছটায়। এসব সোনার মানুষের অপ্রতুল আলোচনার পরিণাম আমাদেরকে ভোগায়। তাঁদেরকে কারাগারের প্রকোষ্ঠ থেকে বের করে আনতে আমাদেরকে উৎসাহ জোগায়। তাঁদের মাঝে আছেন ইলমের বিশাল সাগর; যাঁরা দিনরাত কারাগারের ছোট্ট প্রকোষ্ঠে বিচরণ করেন। তাঁদের রণচাকা ঘুরছে তো ঘুরছেই! কারাগারের বাতাসে প্রতিদিন তাঁদের বিজয় হাসে। অবিচলতা, ধৈর্য ও আল্লাহর স্মরণের মাঝে। কিতাবুল্লাহ'র মুখস্তকরণ, ইসলামী জ্ঞান নিয়ে পড়াশোনা এবং খেদমত-ভ্রাতৃত্বের মধুর প্রতিযোগিতায়। চরম বিরক্তির মুহূর্তের মুচকি হাসিতে। যা জালিমের ক্রোধকে সমূলে বিনাশ করে। যে ব্যক্তি হৃদয় দিয়ে অনুভব করে করে পড়বে, তার জন্য এ গ্রন্থে রয়েছে যত উন্নত সব অভিজ্ঞতা।

আল্লাহ শাইখ আবু হুজাইফা আস-সুদানী হাফিজাহুল্লাহকে সর্বোত্তম বিনিময় দিন। তাঁর এসব মহামূল্যবান আলপনা ও সুকঠিন ইতিহাস শেয়ার করে আমাদেরকে ধন্য করেছেন। আশা করি, প্রত্যেক আত্মোৎসর্গকারী অভিজ্ঞতাসম্পন্ন ভাইগণ শাইখের পদাঙ্ক অনুসরণ করবেন। তবেই আমরা সৎকর্ম ও তাকওয়ায় পরস্পর সহযোগিতা করতে পারব, সত্য ও ধৈর্যের ওপর গুরুত্বারোপ করতে পারব। আমজাদ পাবলিকেশন্স এই মুক্তদানা কুড়িয়ে নিতে দেরি করেনি। দুই মলাটে এসব আলপনা একত্রিত করতে ভুল করেনি। এ গ্রন্থ নিশ্চয় ইসলামী ও জিহাদী প্রকাশনাজগতে আলো ছড়াবে। আমরা তা থেকে শিখতে পারব শাইখের হৃদয়ের দরদ ও শব্দের গাঁথুনি-কারিশমা। কীভাবে এসব মানুষ বিপদের কঠিন ঝুপড়িকে ইলম ও হিদায়াতের মিম্বারে পরিণত করতে পারেন?

মুমিনের বন্দীদশা

আল্লাহ তাআলা ইরশাদ করেন–

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ

"তোমাদের ওপর কিতালকে ফরয করা হয়েছে; যদিও তা তোমাদের নিকট অপছন্দনীয়।"

'জিহাদ ফী সাবীলিল্লাহ'র পথ অনেক কঠিন, তার সফর অনেক কষ্টকর এবং তার চাপ অনেক তীব্র; কিন্তু তার আঞ্জাম অনেক মধুর। 'জিহাদ ফী সাবীলিল্লাহ' হলো– ত্যাগ ও কুরবানির পথ। 'জিহাদ ফী সাবীলিল্লাহ' মানে হলো– মাতাপিতা, স্ত্রী, সন্তান-সন্ততি এবং নিজ আবাস পরিত্যাগ করা। জিহাদ মানে হলো– নিরাপত্তাঝুঁকি এবং বন্দিত্ব। আল্লাহর রাস্তায় শহীদ হওয়াই হলো মুজাহিদদের পরম চাওয়া।

মুজাহিদগণ সব সময় টেনশনে থাকেন যে, কখন এসে আপতিত হয় বন্দিত্বের এ বিপদ। জিহাদ করতে গিয়ে একজন মুজাহিদের জন্য এটিই সবচেয়ে বড় উদ্বেগের বিষয়। এর কাছে জিহাদের অন্যান্য কষ্টকর মুহূর্তগুলো হার মানে। কিন্তু আমরা পছন্দ করি আর না করি, মুজাহিদকে অবশ্যই জানতে হবে, এ বন্দিত্ব তাঁর সম্ভাব্য বিপদ ও কষ্টকর মুহূর্তগুলির অন্যতম। তাঁর ধারণায় এটা রাখতে হবে যে, সে যে কোনো সময় এ অভিজ্ঞতার সম্মুখীন হতে পারে, এই কষ্ট তাঁকে সহ্য করতে হতে পারে।

সতর্কতাই উত্তম প্রতিকার। এজন্য মুজাহিদকে বন্দিত্ব এড়ানোর কৌশল ও প্রক্রিয়া অবলম্বন করার প্রতি উদ্বুদ্ধ করা হয়। সবচেয়ে বড় কৌশল ও অবলম্বন হলো– একমাত্র আল্লাহর ওপরই পরিপূর্ণ আস্থা রাখা, তাঁর প্রতি ইতিবাচক ধারণা পোষণ করা এবং 'একমাত্র আল্লাহই যথেষ্ট' এ কথার ওপর পূর্ণ একীন রাখা। সত্যিকার অর্থে আল্লাহর বান্দা হতে পারলে এ ধরনের আস্থা ও বিশ্বাস অর্জিত হবে।

আল্লাহ তাআলা ইরশাদ করেন–

أَلَيْسَ اللَّهُ بِكَافٍ عَبْدَهُ

"আল্লাহই কি তাঁর বান্দার জন্য যথেষ্ট নন?"

যে যতটুকু আল্লাহর নিকটবর্তী বান্দা হতে পারবে, আল্লাহ সে পরিমাণেই তার জন্য যথেষ্ট হবেন। আল্লাহর দাসত্ব ও গোলামি যতই বৃদ্ধি পাবে, আল্লাহ ততই তোমার জন্য যথেষ্ট হবেন। যেমনটি আল্লামা ইবনুল কাইয়্যিম রহ. বলেছেন। আল্লাহর নিকট খুব দুআ ও কান্নাকাটি করতে হবে। তারপর মুজাহিদ তাঁর ব্যক্তিগত ও দলগত নিরাপত্তা লাভ করতে সক্ষম হবে। তবেই সে কখনো বন্দী হলে উদ্ভুত পরিস্থিতির শান্তভাবে মোকাবেলা করতে পারবে।

জেলখানায় কয়েকজন বন্দী ভাইদের জিজ্ঞেস করেছিলাম, আপনারা কি বন্দী হওয়ার জন্য প্রস্তুত ছিলেন? তাদের অনেকেই না-বাচক উত্তর দিয়েছিলেন। এদের কাছে বন্দিত্ব একটি আকস্মিক ধাক্কা ছিল। শুরু শুরু তারা অনেক কঠিন অভিজ্ঞতার সম্মুখীন হয়েছিলেন। তাদের এই কষ্টকর অভিজ্ঞতাকে নির্ঘাত 'ওজন কমানোর ফেজ' বলা যেতে পারে। তবে আল্লাহ তাদের প্রতি খুব দ্রুত সদয় হয়েছেন। তারা ভারসাম্য হারিয়ে ফেলেননি। প্রাথমিক ধাক্কা সামাল দিয়ে তারা মানসিকভাবে স্থির হতে সক্ষম হয়েছিলেন।

১৪২২ হিজরীতে আমরা কাসিম থেকে রিয়াদ ফিরছিলাম। আমরা চারজন ছিলাম। সবাই ছিলাম একই সেলের সদস্য। আমাদের মধ্য থেকে একজন আমাদের ভবিষ্যতের সামরিক অপারেশন এবং বন্দিত্ববরণসহ অন্যান্য কষ্টকর মুহূর্তগুলোর ব্যাপারে আলোচনা করছিলেন। তাঁর এ কথা পরবর্তী সময়ে অনেক কাজে এসেছিল।

আমরা চারজনই একসাথে বন্দী হয়েছিলাম। প্রথমজন ৫ বছরের কারাদণ্ড পেয়ে ১১ বছর পর মুক্তি পেয়েছেন। দ্বিতীয়জন ১৫ বছরের পরিপূর্ণ সাজা ভোগ করে মুক্তি পেয়েছেন। তৃতীয়জন ১২ বছরের দণ্ডপ্রাপ্ত হয়ে এবং চতুর্থজন ১৪ বছরের সাজাপ্রাপ্ত হয়ে ১৬ বছর ধরে কারাভোগ করছেন। আল্লাহ তাঁদেরকে মুক্তি দান করুন এবং সকল বন্দীদের কষ্ট দূরীভূত করে দিন।

জনৈক জ্ঞানী ব্যক্তি বলেছেন–
'মুমিন বান্দা আল্লাহর পথে জিহাদ করে।
যদি সে তাতে ব্যর্থ হয়, তখন সেখানেও তার লাভ থাকে।
আর যদি সে কষ্ট ভোগ করে, তখন সেটা আল্লাহর ইচ্ছাতেই হয়।
আর যদি সে দেশ থেকে বিতাড়িত হয়, তখন সেটা হয় তার নতুন পথের সন্ধান।
আর যদি সে বন্দী হয়, তখন এটা হয় তার জন্য ইবাদত।
আর যদি সে স্বাভাবিক জীবনযাপন করে, তখন সে নেতৃত্ব অর্জন করে।
আর যদি মৃত্যুবরণ করে, তখন হয় সে শহীদ।
সর্বোপরি, তার জন্য রয়েছে অনেক অনেক কল্যাণ ও উপকার।'

জিজ্ঞাসাবাদের সময়টা জেলে কাটানো সময়গুলোর মধ্যে সবচেয়ে কঠিন সময়। শারীরিক ও মানসিক কষ্টের যেসব স্তর একজন বন্দীকে পার করতে হয়, তার সবচেয়ে কঠিন স্তর হলো এই জিজ্ঞাসাবাদ। এশার নামাজের পর থেকে ফজরের আজান পর্যন্ত (কখনো কখনো সকাল আটটার কাছাকাছি সময় পর্যন্ত) দীর্ঘ সময়ব্যাপী চলা এ জিজ্ঞাসাবাদের প্রাথমিক পর্ব শেষ হওয়ার পর একক সেলে আমার প্রাথমিক দিনসমূহে আল্লাহ তাআলা লাইব্রেরিয়ানকে আমার অনুগত করে দেন। তখন আমি তার কাছ থেকে তাফসীরে ইবনে কাসীরের প্রথম খণ্ড, ফাতহুল বারীর কিতাবুল জিহাদ, যাদুল মাআদের তৃতীয় খণ্ড অর্থাৎ কিতাবুল জিহাদ, আল্লামা ইবনুল কাইয়্যিমের তাহযীবু মাদারিজুস সালিকীন– এ চারটি কিতাব চাইলাম। সে কিতাবগুলো নিয়ে এল। কিতাবগুলো হাতে পাওয়া আমার প্রতি আল্লাহর অনেক বড় নেয়ামত ও অনুগ্রহ ছিল। বিশেষ করে তাহযীবুল মাদারিজ ছিল আল্লাহর পক্ষ থেকে স্পেশাল অনুগ্রহ আমার দুর্বল ব্যক্তিত্বের আল্লাহপ্রদত্ত সঞ্জীবনী শক্তি। জেলের এ ছোট ঘরে এ ধরনের একটা কিতাবের আমার খুব প্রয়োজন ছিল। আমি হৃদয়ের সবটুকু আবেগ-অনুভূতি নিয়ে কিতাবটির প্রতিটি পৃষ্ঠায় বিচরণ করেছি। তার প্রতিটি লাইনকে আমি অন্তরের চোখ দিয়ে পড়েছি। তার প্রতিটা শব্দ আমার সত্তাকে আন্দোলিত করেছে। তার কথা আমার শ্বাস-প্রশ্বাসে প্রবাহিত হলো। কী চমৎকার ছিল সে মুহূর্তগুলি! সে অনুভূতি ব্যক্ত করার মতো নয়। কারাপ্রকোষ্ঠে আমি কিতাবটির দুই মলাটের মাঝে আবদ্ধ ছিলাম। এটি আমার ব্যক্তিসত্তায় চরম দাগ কাটে। যেন কিতাবটি আমার ব্যক্তি-মানচিত্রকে নতুনভাবে অঙ্কিত করেছে। মূলত আমি বিক্ষিপ্ত পত্রপল্লবের ন্যায় ছড়িয়ে ছিটিয়ে ছিলাম। এ কিতাব এসে আমাকে পরিমার্জিত ও সুসংগঠিত করেছে।

যখন তাওয়াক্কুলের স্তর, সবর, রিযা (সন্তুষ্টি), শুকর ইত্যাদি অধ্যায়গুলো পড়ছিলাম, তখন কিতাবটির বিশেষ তত্ত্বাবধানে ছিলাম আমি। আমার অন্তর এবং আমার পুরো জীবনজুড়ে নীরব একটা প্রভাব সৃষ্টি করেছে এ কিতাব। জেলের পুরো সময়জুড়ে এর প্রভাব আমার ওপর ছিল। এর কারণে আমার চিন্তাধারায় অনেক পরিবর্তন এসেছে। এটার মাধ্যমে আমি বুঝতে শিখেছি যে, বিপদাপদ আসলে তা আল্লাহর পক্ষ থেকে নেয়ামত; শাস্তি বা ক্রোধ নয়। কষ্ট-দুর্ভোগ আসলে তা আল্লাহর তরফ থেকে অনুদান। ব্যথা-বেদনা আশাপূরণের আগমনী বার্তা দেয়। আল্লাহর রাস্তায় আসা সকল মুসীবত থেকে রূহ স্বাদ আস্বাদন করে থাকে।

ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি, নিজ সত্তার পরিচর্যা ও পরিশুদ্ধি ঘটানোর জন্য জেলজীবন বড় এক সুযোগ। এখানে হৃদয় পরিপূর্ণ উন্মুক্ত ও উদ্ভাসিত হয়। এখানে এসে তুমি নিজের শক্তি ও দুর্বলতার জায়গাগুলো চিহ্নিত করতে পারবে। তারপর আল্লাহর সাহায্য নিয়ে নিজেকে পরিশুদ্ধ, পরিশীলিত ও শিষ্ট-সভ্য করে গড়ে তোলতে পারবে এবং নিজের ভুলভ্রান্তি ও স্খলন সংশোধন করতে পারবে।

ইবনুল কাইয়্যিম রহ. হলেন তারবিয়াতের উস্তাদ। তাঁর কিতাবে তিনি বলেছেন, নিজেকে আধ্যাত্মিক সাজে সজ্জিত ও বিন্যাস করতে চেষ্টা কর; তাহলে জেলের প্রতিটা ঘটনা তোমার জন্য তারবিয়াতী সবক হবে। প্রতিটা মুহূর্ত তোমার জন্য বাস্তব ও উপকারী অভিজ্ঞতা হবে। প্রতিটা বিষয় তোমার জন্য আধ্যাত্মিক উপকার বয়ে আনবে। আসল তারবিয়াত তো জেলের প্রতিদিনের ঘটনাবলি থেকে লাভ করা যায়।

জেলকে যদি আমি 'তারবিয়াত-ইনকিউবেটর' বলি, যেখানে তোমার সত্তাকে নতুনভাবে নির্মাণ ও গঠন করা হবে; যার অ্যাসিডে প্রবৃত্তির সকল ধুলো-ময়লার আবরণ গলে গিয়ে নফস বা প্রবৃত্তি পরিষ্কার-পরিশুদ্ধ হবে, তুমি হক্ব-বাতিলের লড়াইয়ের স্বরূপ অনুধাবন করতে সক্ষম হবে এবং ইস্পাত-কঠিন মনোবল, পাহাড়সম দৃঢ়তা ও আমৃত্যু অটলতা নিয়ে আল্লাহর রাস্তায় বের হয়ে পবিত্র কাফেলার সাথে পবিত্রতম গন্তব্যে পৌঁছতে পারবে– তাহলে তা মোটেই অত্যুক্তি হবে না।

হিফজুল কুরআন

বন্দী তার জেলজীবনের প্রাথমিক সময়গুলো পবিত্র কুরআনের প্রতি মনোযোগ দিয়ে শুরু করে। তখন আল্লাহ তাআলা তাকে কুরআন হিফজ করা এবং এ নিয়ে ব্যস্ত থাকার পথ সুগম করে দেন। কুরআন মুখস্থ করাই তখন তার একমাত্র কাজ এবং ব্যস্ততা হয়ে দাঁড়ায়। শয়নে-স্বপনে বল আর পানাহারের সময় বল, তার শুধু একটাই চিন্তা থাকে, তা হলো– নির্ধারিত পরিমাণ কুরআন মুখস্থ করে নেওয়া। এভাবে সে জেলের সকল পেরেশানিকে ভুলে যায়। কুরআন মুখস্থ করার সামনে অন্য সকল চিন্তা-ফিকির একদম 'নেই' হয়ে যায়। প্রকৃতপক্ষে এটা আল্লাহর তরফ থেকে বড় নেয়ামত ও মেহেরবানি।

বন্দী ব্যক্তি হিফজের মাঝে একদম আত্মহারা হয়ে যায়। যতই হিফজ করতে থাকুক, তার তৃপ্তি আসে না, আবার বিরক্তিবোধও করে না। শুরুতে প্রতিদিন এক পৃষ্ঠা করে মুখস্থ করে। তারপর আরও বেশি করে মুখস্থ করতে শুরু করে। আমার পরিচিত একজন প্রতিদিন আড়াই পৃষ্ঠা করে মুখস্থ করতেন। এমন একজনকেও আমি জানি, যিনি প্রতিদিন আধা পারা মুখস্থ করতেন। অর্থাৎ প্রতি দু'দিনে তাঁর এক পারা মুখস্থ হয়ে যেত।

আল্লাহর রহমতে জেলজীবনের প্রাথমিক দিনগুলোতে আমিও হিফজের যাত্রা শুরু করি। একক সেল থেকে যখন জিজ্ঞাসাবাদের জন্য আমাকে বের করা হয়, তখন আমি সূরা বাকারা থেকে সূরা মায়েদা পর্যন্ত মুখস্থ করে ফেলি। মজার বিষয় হলো, জিজ্ঞাসাকারী বারবার আমাকে জিজ্ঞাসা করছিল, হিফজ কতটুকু পৌঁছেছে। একক সেল থেকে সাধারণ কারাকক্ষে আসার পর হিফজের যাত্রাকে পরিপূর্ণ করি। আল্লাহর একান্ত অনুগ্রহ ও দয়ায় বন্দী হওয়ার দশম মাসের মধ্যেই আমি হিফজে কালামুল্লাহ সম্পন্ন করি।

কুরআনের শেষ আয়াতটি মুখস্থ করার পর আমার ভিতর আনন্দ ও সৌভাগ্য-মিশ্রিত অদ্ভুত এক অনুভূতির সৃষ্টি হয়। আমার শিরা-উপশিরায় এক ধরনের অদ্ভুত শিহরণ খেলে যায়। এ অনুভূতি বোঝানোর ভাষা আমার নেই। সাথে সাথে আমি আল্লাহর প্রতি শুকরিয়া জ্ঞাপনার্থে সিজদায় লুটিয়ে পড়ি।

১১ রবিউল আউয়াল ১৪২৪ হিজরী এর অপারেশনের পূর্বে জেলখানার কক্ষগুলো প্রায় খালি ছিল। একটি কক্ষে আমি এবং আমার এক সাথি থাকতাম। আমরা ছাড়া ঐ কক্ষে আর কেউ ছিল না। তিনিও আমার মতো কুরআনের হিফজ সম্পন্ন করেছিলেন। হিফজকে পাকাপোক্ত করার জন্য আমরা একটি ফলদায়ক প্রোগ্রাম হাতে নিই। তা হলো, আমরা প্রতিদিন নির্ধারিত একটা অংশ পুনরায় মুখস্থ করতাম। এছাড়া আমরা সপ্তাহব্যাপী প্রতিদিন নির্দিষ্ট দু'পারা একে অপরকে শোনাতাম। আরেক সপ্তাহ শুরু হলে ঐ সপ্তাহের জন্য পরবর্তী দু'পারা নিতাম। এভাবে প্রতি সপ্তাহের জন্য দু'পারা করে ভাগ করে ঐ দু'পারা সপ্তাহের প্রতিদিন একে অপরকে শোনাতাম। এভাবে কুরআন খতম (পুরো ৩০ পারা তিলাওয়াত সম্পন্ন) হওয়া পর্যন্ত ধারাবাহিকভাবে চলত আমাদের প্রোগ্রাম। আসরের পর বসে একজন প্রথম রুবু' (এক চতুর্থাংশ) শোনাতাম। তারপর দ্বিতীয়জন পরবর্তী রুবু' শোনাতাম। এভাবে দু'পারা শেষ করতাম। তারপর কিছুক্ষণ বিশ্রাম নিয়ে আবার শুরু করতাম। তবে এবার পালা পরিবর্তন করে নিতাম। অর্থাৎ প্রথম পর্বে যদি আমার সাথি শুরু করতেন; তাহলে শেষের পর্বে আমি আগে পড়তাম। আমাদের কুরআন খতমের এ পদ্ধতি প্রায় ৪ মাসব্যাপী ছিল।

কুরআন হিফজ করার প্রতি বন্দীদের আশ্চর্যজনক আগ্রহের কারণে অনেক কুরআনপ্রেমিকের উপকার হয়েছে। অবশ্য মাঝে মধ্যে কারাগারের বিশেষ কিছু প্রকোষ্ঠে কুরআন হিফজ করার সুযোগ থাকে না। তবে এ ধরনের পরিস্থিতি খুব কম সময়েই আসে। অধিকাংশ বন্দী কুরআন হিফজ করার এ নেয়ামত অর্জন করেছেন। কারাগারে কুরআন হিফজ করাটা স্বাভাবিক কাজে পরিণত হয়ে গিয়েছিল। অন্যান্য বন্দীদের সাথে আমাদের সাক্ষাৎ হলে কুরআন হিফজ করেছ কিনা, জিজ্ঞাসা করতাম না। কারণ, হিফজ করাটাই স্বাভাবিক বিষয় ছিল। হিফজ করেনি এমন বন্দী পাওয়াটাই বরং আশ্চর্যের ছিল।

নিঃসন্দেহে কারাবন্দী মুজাহিদ বান্দাগণের প্রতি এটা আল্লাহর বিশেষ একটি রহমত। একটি গুণগত পরিবর্তন। 'ইদাদে শরয়ী'র প্রথম পদক্ষেপ।

কারাগারে আল্লাহর অন্যতম বড় নেয়ামত হচ্ছে তোমার সাথে এক কক্ষে একজন তালিবে ইলম থাকা। তখন জেলের সময়টা ইলম, উপদেশ এবং সঠিক দিকনির্দেশনার সাথে কাটে। অবশ্য এ ধরনের সুবিধা দীর্ঘ সময় ধরে খুব একটা থাকে না।

অধিকাংশ বন্দী হিফজ শেষ করার পর ইলম শেখার প্রতি আগ্রহী হয়। আমাদের কিছু ভাই জেলে 'আল-জামউ বাইনাস-সাহীহাইনি ওয়ায যাওয়ায়িদ' কিতাবটি মুখস্থ করা শুরু করেন। তাঁরা বিরামহীন মেহনত শুরু করেন। তাঁদের মধ্য থেকে কয়েকজন প্রতিদিন দশ পৃষ্ঠা করে মুখস্থ করতেন। আবার কেউ কেউ দিনে আঠারো পৃষ্ঠা করে মুখস্থ করতেন। এভাবে মুখস্থ করার ক্ষেত্রে কেউ পিছিয়ে আবার কেউ এগিয়ে ছিলেন। তবে সবাই নিজ নিজ হিফজের গতি অনুযায়ী দুই থেকে ছয় মাসের মধ্যে পুরো কিতাব মুখস্থ করে নেন। একবার খতম করার পর আবার, তারপর আবার, তারপর আবার– এভাবে তাঁরা হিফজকে একদম পাকাপোক্ত করে নেন।

এখানে বন্দীদের আরেকটি দল 'মুতূনে ইলমিয়্যাহ' মুখস্থ করার প্রতি মনোযোগী হয়। তাঁরা আমাদের সাথে বন্দী হওয়া কিছু তালিবে ইলম ভাই কর্তৃক প্রবর্তিত ইলমী প্রোগ্রামের আদলে মেহনত শুরু করে। আমার মনে আছে, সেখানে শায়খ নাছির আল-ফাহাদ (আল্লাহ তাঁর মুক্তি তরান্বিত করুন)-কে কেন্দ্র করে

ভাইদের একটি ইলমী মতবিনিময় সভা অনুষ্ঠিত হত। সভায় তিনি ইলম শিক্ষা করা এবং নির্দেশিত কিতাব মুখস্থ করার সঠিক দিকনির্দেশনা প্রদান করতেন।

তাঁর পরামর্শ অনুযায়ী অধিকাংশ ভাই হিফজ করার জন্য আল্লামা শামরানী রহ. এর 'আল-জামি লিল-মুতূনিল ইলমিয়্যাহ'কে বাছাই করেন। কারাগারের লাইব্রেরিয়ানকে একদিন বলতে শুনেছি যে, তিনি আল্লামা ইবনে হাজার আসকালানী রহ. এর 'বুলূগুল মারাম'-এর ৪০০ কপি ভাইদের জন্য ক্রয় করে এনেছিলেন। আল্লাহ তাকে উত্তম বদলা দান করুন।

ভাইয়েরা পূর্ণ মনোযোগ ও কঠিন অধ্যবসায়ের সাথে জ্ঞান অর্জন করা শুরু করেন। কারো মুতূন (কিতাবের মূল পাঠসমূহ) মুখস্থ হয়ে গেলে সাথে সাথে অধ্যয়নের জন্য তার ব্যাখ্যাগ্রন্থ নির্বাচন করে নিতেন। এক্ষেত্রে যাদের সাথে এক কক্ষে কোনো তালিবে ইলম থাকত, তার খুব উপকার হত।

আমার সাথে একক কক্ষে এক তরুণ ভাই ছিল। সে 'টক অব দ্য প্রিজন' ছিল। (সবাই তার ইলম শিক্ষার ব্যাপারে আলোচনা করত) আল্লাহ তাআলা তার সামনে জ্ঞান অর্জনের দ্বার উন্মুক্ত করে দিয়েছিলেন। ভালোভাবে হিফজুল কুরআন সম্পন্ন করার পর সে মুতূন মুখস্থ করার প্রতি আত্মনিয়োগ করে। অধিকাংশ মুতূন তার মুখস্থ হয়ে যায়। তার ভিতর এমন কিছু আমি লক্ষ করেছি, যা অন্য কারোর মধ্যে পাইনি। সে 'যাদুল মুস্তানকি'এর মতন সম্পূর্ণরূপে ভালোভাবে মুখস্থ করে নিয়েছিল। আমি রোদে পায়চারি করার সময় সেও আমার সাথে হেঁটে হেঁটে 'যাদুল মুস্তানকি' থেকে মুখস্থ শোনাত। তারপর সে হিফজ করার জন্য ইবনুল মালিকের 'আলফিয়্যাহ' ক্রয় করল এবং 'আল-মুনতাকা'র কিতাবুল জিহাদ পরিপূর্ণরূপে মুখস্থ করে নিল। তারপর আমার কাছে 'আল-জামউ বাইনাস-সহীহাইন ওয়ায যাওয়ায়িদ' মুখস্থ করার আগ্রহ প্রকাশ করলে আমি তার একটি কপি তাকে হাদিয়া দিলাম। আমাকে ঐ কক্ষ থেকে স্থানান্তরিত করার পূর্বে সে অনেক দূর পর্যন্ত মুখস্থ করে নিয়েছিল। আল্লাহ তার সহায় হোন এবং তার ভুলত্রুটি শুধরিয়ে দিন।

নিঃসন্দেহে এটি জেলের দুর্বিষহ জীবনে আল্লাহর পক্ষ থেকে বড় এক অনুগ্রহ। এটার মাধ্যমে বন্দীর আত্মা ও ইলম শাণিত হয়। নিশ্চয় মুমিনের কোনো বিষয় উপকার ও কল্যাণ থেকে মুক্ত নয়। আল্লাহ যাকে অন্তর্চক্ষু দান করেছেন, সে এটা উপলব্ধি করতে পারে।

ইবাদতে মনোনিবেশ

আল্লাহ তাআলা ইরশাদ করেন–

وَلَقَدْ نَعْلَمُ أَنَّكَ يَضِيقُ صَدْرُكَ بِمَا يَقُولُونَ – فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَكُنْ مِنَ السَّاجِدِينَ – وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ

"আমি তো জানি, ওরা যা বলে তাতে তোমার অন্তর সংকুচিত হয়; সুতরাং তুমি তোমার প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা ও মহিমা ঘোষণা কর এবং তুমি সিজদাকারীদের অন্তর্ভুক্ত হও; তোমার মৃত্যু উপস্থিত হওয়া পর্যন্ত তুমি তোমার প্রতিপালকের ইবাদত কর।"

আল্লাহর সাথে সুসম্পর্কই হলো একজন বন্দীর উত্তম পাথেয়, যার মাধ্যমে সে বন্দীজীবনের কষ্টকর সফর করবে। এ সম্পর্ক হলো একটি মরুউদ্যান, যার ছায়া ক্রোধ, বেইজ্জতি ও শাস্তির মরুভূমিকে বেষ্টন করে নেয়। সকাল-সন্ধ্যা সে আল্লাহ ছাড়া অন্য কিছু ভাবে না। তখন তার একটি নিঃশ্বাসও আল্লাহর সন্তুষ্টি ছাড়া হয় না। আল্লাহর অপছন্দনীয় কোনো বিষয়ে তার চিন্তাশক্তি ব্যয় করে না। সে সত্য মনে আল্লাহকে খোঁজে এবং একসময় পেয়েও যায়। আর যখন সে আল্লাহকে পেয়ে যায়, তখন অন্য কোনো বিষয়ের প্রতি কোনো প্রয়োজনীয়তা থাকে না তার। বন্দী হওয়ার কারণে সে যা কিছু হারিয়ে ফেলেছে তা আল্লাহর কাছ থেকে পায়। (আল্লাহ বলেন) হে আদমসন্তান, আমাকে খোঁজ; তবেই আমাকে পাবে। আর আমাকে পাওয়ার অর্থ হলো– সবকিছু পেয়ে যাওয়া এবং আমাকে হারানোর অর্থ হলো– সবকিছু হারিয়ে ফেলা। সবকিছুর চেয়ে আমি তোমার নিকট প্রিয় হওয়া চাই।

কারাগারে আমি এমন কিছু আদর্শবান মানুষকে দেখেছি, যাঁদের ইবাদত সালাফে সালেহীনকে স্মরণ করিয়ে দেয়। আমি জেলে যাঁদের সাথে সময় ব্যয় করেছি, আমার বিশ্বাস– তাঁরা সকলেই আল্লাহর বুজুর্গ বান্দা ছিলেন। তাঁদের নিকট আমি ইবাদত-বন্দেগির উন্নত উপমা প্রত্যক্ষ করেছি। আমি কারাগারে এমন বান্দাদের সাথে সময় কাটিয়েছি, যাঁদের অন্তর ছিল পূত-পবিত্র, চেহারা ছিল নূরানী আভায় ঝলমলে, জিহ্বা ছিল সদা আল্লাহর যিকিরে মশগুল।

কিয়ামুল লাইল হলো অধিকাংশ বন্দীদের সাধারণ অভ্যাস। কিয়ামুল লাইলের ব্যাপারে শিথিলতা করে এমন বন্দী পাওয়া দুষ্কর। নতুন কারাগারে আমি একটি কক্ষে ছিলাম। যখন রাতের তৃতীয় ভাগ আসত, তখন তাহাজ্জুদ পড়ার জন্য জায়াগা পাওয়া যেত না। জায়গা সংকীর্ণ হয়ে পড়ত। কারণ, তখন সবাই আল্লাহর সাথে একান্ত সময় কাটানোয় মশগুল থাকত।

নফল রোজার ক্ষেত্রে বন্দীরা একে অপরকে ছাড়িয়ে যায়। এক্ষেত্রে যারা একেবারে নিম্নস্তরের তারা সোমবার-বৃহস্পতিবার এবং আইয়্যামে বিয (প্রতি চান্দ্রমাসের ১৩, ১৪, ১৫ তারিখ) এর রোজা রাখে। অনেকে শুক্রবার ব্যতীত প্রতিদিন রোজা রাখে। এমন কতককেও আমি দেখেছি যারা কারাগারে যতদিন অতিবাহিত করেছে, ততদিনই রোজা রেখেছে। দুই ঈদ, তাশরীকের বাকি তিনদিন এবং স্বজনদের দেখতে আসার দিন ব্যতীত অন্য কোনো দিন রোজা না রেখে থাকেনি।

কুরআন হলো বন্দীদের অন্তরঙ্গ বন্ধু। কেউ দশ দিনে, কেউ সাত দিনে, আবার কেউ পাঁচ দিনে কুরআন খতম করে। রাতদিন তারা হিফজ, তিলাওয়াত এবং তাদাব্বুর (কুরআনের মর্ম নিয়ে ফিকির ও গবেষণা করা) এর মাধ্যমে কুরআনের উদ্যানে বিচরণ করে।

বন্দীদের জন্য রমজান মাস আলাদা গুরুত্ব রাখে। তারা অধীর আগ্রহে এ মাসটির অপেক্ষায় থাকে। কারণ, এটিই তো সত্যিকারের ইবাদতের মাস। অধিকাংশ বন্দী নিজেদের কক্ষসমূহে জামাতবদ্ধ হয়ে তারাবীর নামাজ পড়ে এবং এতে কুরআন খতম করে। আমার মনে আছে, প্রথম চালানে আমাদের পাশের কক্ষের বন্দীরা তারাবীর নামাজে দু'বার কুরআন খতম করত। ব্যক্তিগতভাবেও প্রত্যেকে আলাদাভাবে তাহাজ্জুদ পড়ে। আমার সাথে একজন প্রিয় ভাই ছিলেন। তিনি তাহাজ্জুদে প্রতি তিন দিনে কুরআন খতম করতেন। প্রতিরাতে দশ পারা করে পড়তেন। আরেক কারাগারে অন্য এক ভাইয়ের সাথে ছিলাম, তিনি মাগরিবের নামাজের পরপরই তাহাজ্জুদ শুরু করে দিতেন। মাঝখানে জামাতসহকারে এশা ও তারাবীর নামাজ আদায় করে আবার ফজরের আজানের

আগ পর্যন্ত তাহাজ্জুদে মশগুল থাকতেন। তারপর সাহারি'র (শেষভাগে) খাবার খেতেন। এভাবে পুরো রমজানজুড়ে আমল জারি রাখতেন।

রমজানে কারাগার থেকে মৌমাছির গুঞ্জরনের মতো তিলাওয়াতে কুরআনের মধুর গুঞ্জরন ভেসে আসে। প্রতি তিন দিনে একবার কুরআন খতম করা বন্দীদের জন্য স্বাভাবিক একটা আমল। এক ভাই তো প্রতি দু'দিনে একবার খতম করতেন। প্রতি নামাজের পূর্বে ৩ পারা করে প্রতিদিন ১৫ পারা তিলাওয়াত করতেন তিনি। আমার পরিচিত এক ভাই রমজানে প্রতিদিন একবার খতম করতেন। কারাগারের এক রমজানে তো তিনি ৩৩ বার কুরআন খতম করেছিলেন! আল্লাহ তাঁদের সকলকে কবুল করুন এবং তাঁদের মুক্তিকে তরান্বিত করুন।

জুলুমের জাঁতাকলে

কারাকর্তৃপক্ষ বন্দী ভাইদেরকে মানসিকভাবে একেবারে বিধ্বস্ত করে ফেলতে চেষ্টা করে। তাদের আত্মবিশ্বাস ও মনোবল চুর্ণবিচুর্ণ করে দিতে চায়। তাদের প্রতিরোধশক্তি ও সিদ্ধান্ত নেওয়ার যোগ্যতাকে একদম বিনষ্ট করে দিতে চায়। যাতে তারা নিজস্ব যোগ্যতা হারিয়ে ফেলে এবং নিজ মানহায ও নীতিমালা থেকে সরে গিয়ে, আত্মপরিচয়হীন বিকৃত মস্তিষ্ক ও মানসিকতা নিয়ে জেল থেকে বের হয় এবং হক্বের এ পথে দ্বিতীয়বার পা না বাড়ায়।

একদিন আমি আছীরের কারাগারের মানসিক ডাক্তারকে বললাম, আপনারা এ ভাগ্যবান জেলবন্দীদের সাথে যা করেন তা তাদের জন্য পরীক্ষা। তাদের ওপর জুলুম ও নিপীড়ন যতই বাড়তে থাকে, তারা ভেঙে না পড়ে আরও খুশি হয় এবং এ সুসংবাদ গ্রহণ করে যে, আল্লাহ তাদের ভালোবাসেন। কারণ, তারা দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, আল্লাহ যে বান্দাকে ভালোবাসেন তাকে পরীক্ষায় ফেলেন। সবচেয়ে কঠিন বিপদ ও পরীক্ষায় তো নবীগণই পতিত হয়েছিলেন। তারপর যাঁরা নবীদের অনুসরণ করায় এগিয়ে ছিলেন তাঁরা, তারপর যাঁরা এর নিচের স্তরে ছিলেন তাঁরা– এভাবে বিপদ ও পরীক্ষার সম্মুখীন হয়েছেন। আমার কথা শুনে ডাক্তার বেচারার চেহারা একদম ফ্যাকাশে হয়ে গেল। আমার দেখা সবচেয়ে খবিস ও শয়তানপ্রকৃতির লোকদের অন্যতম ছিল এ ডাক্তার।

পুরাতন জেলখানায় কারাপ্রশাসনের নিকট আমরা কিছু দাবি উত্থাপন করলে আমাদের নিকট বিশেষ বন্দী বিভাগের প্রধান আসলেন।

দীর্ঘ বিতর্কের পর তিনি একদম স্পষ্টভাবে বললেন, কারাবিধি অনুযায়ী প্রত্যেক বন্দীর এটা অনুভব করতে হবে যে, সে একজন বন্দী। তার উদ্দেশ্য ছিল,

প্রত্যেক অনুরোধকারীর অনুরোধ যদি পূর্ণ করা হয়; তাহলে জেল আর জেল

থাকবে না। এজন্য জেলের ভিতর প্রত্যেক বন্দীকে কষ্টের জীবনযাপন করতে হবে এবং নিজেদের ভিতর এ জীবনের চাপ ও কষ্ট অনুভব করতে হবে।

অধিকাংশ কারাকর্মকর্তা বিভিন্ন কোর্সের মাধ্যমে মনস্তাত্ত্বিক বিদ্যা অর্জন করে থাকে। এজন্য তারা বন্দীদের ওপর মানসিক চাপ ও নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য বিভিন্ন মনস্তাত্ত্বিক উপায় ও সাইকোলোজিক্যাল মাধ্যম খুব সুচারুরূপে ব্যবহার করে থাকে। উদাহরণস্বরূপ: জনৈক কর্মকর্তা আমাদের বলেছিল, 'যখন আমরা দেখি যে, বন্দীরা বেশি আবেদন পেশ করতে শুরু করেছে এবং এটা ওটা চাইতে শুরু করেছে যেমন, কক্ষগুলো খুলে দিতে অথবা জেলের বিভিন্ন নিয়মকে আরেকটু শিথিল করতে অনুরোধ করে, তখন আমরা সাথে সাথে মুদির দোকান থেকে সাবান ইত্যাদি বিভিন্ন প্রয়োজনীয় ক্রয় করতে নিষেধ করে দিই। এতে তারা আগের আবেদন থেকে সরে এসে সাবান ক্রয় করার আবেদনে ফিরে আসে। এভাবে সাইকোলোজিক পদ্ধতিতে তাদের আবেদনকে প্রত্যাখ্যান করে দিই। উল্লেখ্য, আমার স্থানান্তরের আগ পর্যন্ত আছীরের কারাগারে সাবান নিষিদ্ধ ছিল।

জেল মানেই হলো– প্রতিটি বিষয়ে প্রেশার ও চাপ অনুভব করা। এখানে তোমার অবস্থান একটি দশমিক সংখ্যার মতো (যার নিজস্ব কোনো ক্ষমতা ও অধিকার থাকে না)। যোগাযোগ, দেখাশোনা, গরম পানি, রোদ পোহানো, হাসপাতাল, আকস্মিক জিজ্ঞাসাবাদ, অন্ধকার সেলঘর, রিমান্ড, এক কক্ষ থেকে আরেক কক্ষে স্থানান্তর, নির্দিষ্ট আবেদনের অধিকার, প্রশাসনের লোকদের সাথে আচরণ, বন্দী, হাতকড়া, মুখের ঠুলি ইত্যাদি যা কিছু জেলের মধ্যে আছে, প্রতিটা একেকটা প্রেশার ও চাপ।

টক লেবু থেকে মিষ্ট শরবত বানাতে হবে– এটাই জেলে আমাদের স্লোগান ছিল। অর্থাৎ কোনোভাবেই এসব চাপের প্রতি আত্মসমর্পন করা যাবে না। এগুলোর মোকাবেলায় সহজ একটা কৌশল বের করতে হবে। আর তা হলো, চিন্তার নিয়ন্ত্রণ। কারণ, এটা প্রমাণিত সত্য যে, চিন্তার কারণে দুঃখ ও পেরেশানির অনুভব সৃষ্টি হয়; যার কারণে মানুষ চাপ ও প্রেশার অনুভব করে।

সুতরাং তুমি যদি তোমার চিন্তাকে নিয়ন্ত্রণ করে তার দিক পরিবর্তন করে ফেলতে পার; তাহলে চিন্তা থেকে সৃষ্ট তোমার দুঃখ ও পেরেশানি বিদূরিত হয়ে তুমি চাপমুক্ত থাকতে পারবে। কারণ, দুঃখ ও পেরেশানিবোধ আসে চিন্তা থেকে।

মুজাহিদ বন্দীদের জন্য এটি খুব সহজ একটা কৌশল। এ কৌশলটির ব্যাপারে আমি একজন মানসিক বিশেষজ্ঞের সাথে আলোচনা করেছি। এ কৌশলের ওপর ভিত্তি করে বন্দীদেরকে সকল চাপ ও প্রেশারকে পরীক্ষা হিসেবে নিতে হবে এবং

মনের মধ্যে এটা বসিয়ে নিতে হবে যে, বিপদ ও পরীক্ষায় ধৈর্য ধরলে বিনিময়ে সাওয়াব এবং আল্লাহর ভালোবাসা অর্জিত হয়। তখন এ ধরনের চাপের সময় দুঃখ ও পেরেশানিবোধ হওয়ার পরিবর্তে আনন্দ এবং ভাগ্যবান হওয়ার অনুভূতি সৃষ্টি হবে।

জেলে চাপমুক্ত থাকার জন্য অন্যান্য ভাইয়েরা নিজ নিজ কক্ষের মধ্যে চিত্তবিনোদন-মূলক প্রোগ্রাম করত। পুরাতন কারাগারে আমরা প্রতি বৃহস্পতিবার রাতে সাপ্তাহিক একটা সেমিনার করতাম। সেখানে সঙ্গীত পরিবেশন, কবিতা আবৃত্তি, বন্দীজীবনের উপকারিতা এবং সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করতাম। বিনোদনের এ পদ্ধতিটা রান্নাবান্না এবং ঈদের দিনের বিভিন্ন প্রোগ্রাম থেকে বেশি উপকারী ছিল।

বন্দী ব্যক্তি সবসময় চায়, তার মনোবল যেন আকাশের মতো উঁচু থাকে এবং তার ইচ্ছাশক্তি যেন পাথরের মতো শক্ত থাকে; যাতে কারাকর্তৃপক্ষের সকল চক্রান্ত চুর্ণবিচুর্ণ হয়ে যায়। আল্লাহ তাআলা শক্তি ও দৃঢ়তা প্রত্যাশাকারী এসব কয়েদিদের ওপর রহম করুন।

কারাগারের ভিতর বন্দীর নিজেদের ভবিষ্যৎ লক্ষ্যকে সুন্দরভাবে তৈরি করে নেয়। তারপর জেলের দীর্ঘ অবসর সময়ের সদ্ব্যবহার করে তারা সেগুলোর জন্য উপযোগী পরিকল্পনা ও প্রোগ্রাম নির্ধারণ করে নেয়। সময়কে তারা নষ্ট হতে দেয় না। কারণ, সময় নষ্ট করা এবং এর সদ্ব্যবহার না করার মানেই হলো– ধ্বংস এবং সমাধানহীন সমস্যায় পতিত হওয়া।

প্রোগ্রামের শুরুতে তারা ইবাদতের প্রতি মনোযোগী হয়। ফলে তারা কায়মনোবাক্যে অধিকহারে নামাজ পড়তে থাকে। হৃদয়ের স্থিরতা ও প্রশান্তি কায়েম করতে খুশুখুযুর সহিত পড়া এ নামাজ অনেক গুরুত্বপূর্ণ ও আশ্চর্যজনক ভূমিকা রাখে। হৃদয়ের স্থিরতা ও প্রশান্তি– এ দুই বিষয়ই তো বন্দীদের সবচেয়ে বেশি প্রয়োজন! ফরয ও ওয়াজিবের পাশাপাশি তারা সাধারণ নফল নামাজ এবং তাহাজ্জুদের প্রতিও অধিক গুরুত্ব দিয়ে থাকে। এছাড়াও শেষরাত্রে কায়মনোবাক্যে আল্লাহর সামনে কান্নাকাটি করা, গুরুত্বসহকারে যিকির করা, প্রতিদিন নির্দিষ্ট পরিমাণে কুরআন তিলাওয়াত করা এবং নফল রোজা রাখা.... ইত্যাদি আমলও খুব মনোযোগসহকারে করে থাকে।

ইবাদতের পাশাপাশি ইলম অর্জনের মাধ্যমেও তারা ভবিষ্যতের পথকে সুগম করার দিকে এগোতে থাকে। এজন্য তারা নির্দিষ্ট মানহায ও গতিপথ নির্ধারণ করে নিয়ে ইলম অর্জনের পথে চলতে শুরু করে। প্রথমে কুরআন হিফজ করে। তারপর আহলে ইলমদের পরামর্শ অনুযায়ী শরীয়তের মৌলিক কিতাবাদির অধ্যয়ন শুরু করে। তারপর সেগুলোর ব্যাখ্যাগ্রন্থগুলো পর্যায়ক্রমে পড়ে নেয়।

তারপর নিজেদের বিদ্যা ও জ্ঞানের ভাণ্ডারকে আরও সমৃদ্ধ করার জন্য মুক্ত অধ্যয়ন ও গবেষণা শুরু করে। জেলে আমার সাথে এমন কতিপয় ব্যক্তির সাক্ষাৎ হয়েছে, যাদের হাতে সবসময়ই কিতাব থাকত। তাদের অনেকেই দৈনিক কমপক্ষে ১০০ পৃষ্ঠা অধ্যয়ন করত। এমন একজনকেও আমি চিনি, যিনি শায়খুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ রহ. এর 'মাজমূউল ফাতাওয়া' এক বছরেরও কম সময়ে পড়ে শেষ করে ফেলেছিলেন।

ইবাদত ও ইলমের পাশাপাশি শারীরিক ও স্বাস্থ্যগত দিক থেকেও নিজেদেরকে ভবিষ্যত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রস্তুত করে নেয়। কারাগারে দীর্ঘ সময় ধরে অলস বসে থাকার কারণে শরীর এবং শরীরের মাংসপেশী নরম ও দুর্বল হয়ে পড়ে। এজন্য বন্দী মুজাহিদ রুটিন বানিয়ে নিয়মতান্ত্রিকভাবে শারীরিক বিভিন্ন ব্যায়ামের মাধ্যমে শরীরকে চাঙ্গা ও ফিট রাখেন।

বর্ণিত প্রোগ্রাম অনুযায়ী যারা কারাগারের জীবন অতিবাহিত করে, তারা নিরন্তর সুখ ও শান্তিতে বন্দীজীবন অতিবাহিত করে থাকে। কারণ, এ প্রোগ্রামগুলো তাদেরকে জেলের চিন্তা ও পেরেশানি থেকে বিস্মৃত করে রাখে। এমনকি এক সময় তারা মুক্তিলাভ করার চিন্তাও করে না। তাদের মন সব সময় আনন্দিত ও প্রফুল্ল থাকে। এ ধরনের বন্দীজীবনের মাহাত্ম্য কেবল তারাই বুঝতে পারবে, যাদের এ অভিজ্ঞতা অর্জিত হয়েছে এবং যারা এ ধরনের বন্দিত্বের স্বাদ আস্বাদন করেছে।

কালোজাদুর কবলে

পুরো একদিনব্যাপী প্রশাসনিক লোকদের জ্বালাতনের পর নতুন জেলখানায় আমার একক সেলঘরে একদিন আমি বিছানায় শায়িত ছিলাম। ঘরের পরিবেশ নীরব-নিস্তব্ধ ছিল। ঘড়ির কাঁটা তখন রাত বারোটার কাছাকাছি। আমার শরীরও আস্তে আস্তে ঢলে পড়ছিল ঘুমের কোলে। তখনই আমার পাশের সেলঘরটার দরজা খুলে বন্ধ করে দেওয়া হলো। বুঝতে পারলাম, এতদিন ধরে খালি থাকা সেলঘরটিতে আজ কাউকে প্রবেশ করানো হয়েছে। আমি ঘুমানোর পূর্বের আযকার ও দুআ পড়ে ঘুমের প্রস্তুতি নিচ্ছিলাম, তখনই শুনলাম– পাশের সেলঘর থেকে কেউ আমাকে ডাকছে। আমি ডাক দেওয়া লোকটির দিকে কান খাড়া করলাম। এমনিতে সময়টা কথা বলার উপযোগী ছিল। কারণ, তখন নতুন কারারক্ষীদের ডিউটি জয়েন করা এবং বন্দীদের লিস্ট বুঝে নেওয়ার সময় ছিল। এ সময়ে একটু শিথিলতা থাকে। বাহির থেকে তাদের হাসির শব্দ ভেসে আসছি-ল। তার মানে তখন তারা কন্ট্রোল রুমের বাহিরে ছিল। মনে মনে আল্লাহর কাছে সিসি ক্যামেরা ও সিসি রেকর্ডার থেকে পানাহ চাইলাম। অনেক দিন পর আজ কোনো ভাইয়ের সাথে কথা বলার সুযোগ পেলাম। তাই আল্লাহর ওপর ভরসা করে তার সাথে কথা বলতে শুরু করলাম।

‘আসসালামু আলাইকুম, কে আছেন আমার পাশে?’– এভাবে শুরু হলো আমাদের কথোপকথন। ছেলেটা দৃঢ় অথচ শান্ত কণ্ঠস্বরের অধিকারী। কথাও বলে খুব গুছিয়ে। বুঝতে পারলাম, সে একুশ-বাইশ বছরের তাগড়া যুবক। আমরা এভাবে প্রতিদিন কথা বলতাম। এভাবে আমাদের মাঝে এক আশ্চর্যজনক হৃদ্যতা ও ভালোবাসা সৃষ্টি হয়। জেলের ভিতর খুব করুণ কণ্ঠে আজান দিত সে। ভাঙা ভাঙা সেই কণ্ঠস্বর সবাইকে মায়ায় জড়িয়ে নিত। এভাবে সে ‘টক অব দ্য প্রিজন’ হয়ে ওঠে। তার সাথে তার দুই সহোদর ভাইকেও

গ্রেফতার করা হয়েছিল। তাদের বিরুদ্ধে বিস্ফোরক আইনের মামলা ছিল।

তাকে তার মোবাইলের বিভিন্ন ভিডিও ক্লিপ সম্পর্কে জিজ্ঞাসাবাদ করার জন্য নতুন পাবলিক কারাগার থেকে কেন্দ্রীয় কারাগারে নিয়ে যাওয়া হয়। সেখানে দু'সপ্তাহ যাবৎ তাকে সেলঘরের মধ্যে রাখা হয়। সেখানে থাকার জন্য তাকে কোনো বিছানা দেওয়া হয়নি। দেওয়া হয়নি কোনো কম্বলও। প্রচণ্ড শীতের মৌসুমে সে টাইলসের মেঝেতে কেবল গেঞ্জি আর প্যান্ট পরা অবস্থায় এ দু'সপ্তাহ অতিবাহিত করেছে। তদুপরি সেলঘরটিতে এয়ার কন্ডিশনার চালু থাকত সবসময়। পুরো দু'সপ্তাহজুড়ে তার হাতে হ্যান্ডক্যাপ এবং পায়ে বেড়ি পরা অবস্থায় রাখা হয়। অজু, নামাজ, ঘুম ইত্যাদি সকল কাজ তাকে এগুলোর দ্বারা আবদ্ধ অবস্থায় করতে হয়েছে। দু'সপ্তাহ পর তাকে ফিরিয়ে আনা হয়। এখানে এনে তাকে সামষ্টিক কারাকক্ষে না রেখে একক সেলঘরে রাখা হয়। সে আমাকে বারবার বলত, কেন্দ্রীয় কারাগারে যে ভাইয়েরা আছেন, তাদের জন্য দুআ করতে কখনো ভুলবেন না। তারা সেখানে কঠিন শাস্তির মধ্যে আছেন।

কেন্দ্রীয় কারাগার থেকে ফিরে ছেলেটা আমাকে খুব আশ্চর্যজনক একটা ঘটনা শোনাল। সে বলল, কেন্দ্রীয় কারাগারের সেলঘরে থাকার সময় আমার সাথে এক জিন তরুণী কথা বলেছিল। জিন মেয়েটি আমাকে বলেছিল, তোমার প্রভু তোমার কোনো উপকার করতে পারবে না। আমিই তোমার উপকার করতে পারব। (নাউযুবিল্লাহ)। সে (ছেলেটি) আমাকে তার ভিতর বিভিন্ন কুমন্ত্রণা ও শয়তানি প্ররোচনার অস্তিত্ব অনুভব করার অভিযোগ করল। আমি তাকে সকাল-সন্ধ্যার আযকার এবং প্রত্যেক নামাজের পর আয়াতুল কুরসী, সূরা ফালাক ও সূরা নাস পড়ার পরামর্শ দিলাম। প্রতিদিন পূর্ণ সূরা বাকারা তিলাওয়াতও করতে বললাম। কারণ, এ আমলগুলোতে অনেক বরকত রয়েছে। এগুলোর ওপর আমল না করলে পরে আফসোস করতে হয়। এছাড়াও এ আমলগুলো জারি রাখলে জাদুটোনা ইত্যাদি কোনো প্রভাব ফেলতে পারে না। আল্লাহ তাআলা কুরআন মাজীদে ইরশাদ করেছেন–

إِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيفًا

"নিশ্চয়ই শয়তানের চক্রান্ত খুবই দুর্বল।"

জিজ্ঞাসাবাদের অফিসাররা কখনো কখনো বন্দী মুজাহিদ ভাইদের বিরুদ্ধে এ ধরনের জাদুটোনা ব্যবহার করে থাকে। তাদের এ চক্রান্ত খুবই দুর্বল প্রমাণিত হয়। আল্লাহর কালামের সামনে এ ধরনের হীন চক্রান্ত একদম অস্তিত্বহীন হয়ে পড়ে। বন্দীজীবনে কালোজাদুর কবলে পড়া অনেকটা অনুমিত। অনেক বন্দী ভাইকে এর মাধ্যমে কষ্ট দেওয়া হয়েছে। অবশ্য আল্লাহ তাদেরকে শেফা দান করেছেন।

যোগাযোগের চেইন

কড়া নিরাপত্তায় পরিচালিত কারাগারগুলো অন্তরণ তত্ত্ব অনুযায়ী পরিচালিত হয়। অর্থাৎ এখানে বন্দীদেরকে পরস্পর থেকে একদম বিচ্ছিন্ন করে রাখা হয় এবং তাদের পারস্পরিক যোগাযোগের সকল মাধ্যম নিষিদ্ধ করা হয়। তাদের মাঝে সাক্ষাৎ, মোলাকাত, কথোপকথন এমনকি সালাম দেওয়াও নিষিদ্ধ করা হয়। বন্দীদের ওপর সহজে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা, তাদের ওপর মানসিক প্রেশার প্রবল করা এবং তাদের পারস্পরিক সহযোগিতা বন্ধ করার জন্য এসব করা হয়।

এ অন্তরণ বা বিচ্ছিন্নতা দু'ধরনের হয়ে থাকে। প্রথমটা হলো– একক বিচ্ছিন্নতা। এখানে কেবল একজন মানুষের অবকাঠামো-সমান (৭.৫ বর্গ মিটার) একটি রুমে একজন বন্দীকে রাখা হয়। সাধারণ (কারাকর্তৃপক্ষের ধারণা অনুযায়ী) যাদের চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গির দ্বারা অন্যান্য বন্দী প্রভাবিত হওয়ার আশঙ্কা থাকে, তাদেরকে এ ধরনের ঘরে রাখা হয়। আমাদের বড় বড় অনেক শাইখকে বছরের পর বছর এ ধরনের সেলঘরে রেখে কষ্ট দেওয়া হয়েছে। আমাকে দু'বার এ ধরনের সেলঘরে রাখা হয়েছিল। প্রথমবার যাহবানের কয়েদখানায়, দ্বিতীয়বার পূর্ণ এক বছর যাবৎ আছীরের কারাগারে। বিচ্ছিন্নতার দ্বিতীয় প্রকার হলো– সামষ্টিক বিচ্ছিন্নতা। এ প্রকারের বিচ্ছিন্নতায় বন্দীদের যে ধরনের কক্ষে রাখা হয়, তাকে জামাআ বা সামষ্টিক কক্ষ বলা হলেও বস্তুত এগুলোও একেকটি সেলঘর। তবে প্রথম প্রকারের চেয়ে এগুলো আকারে একটু বড় (৩০ বর্গ মিটার) হয়ে থাকে। এর প্রত্যেকটিতে একাধিক বন্দী রাখা হয় এবং অন্য কক্ষের বন্দীর সাথে যোগাযোগের সকল ব্যবস্থা ও মাধ্যম নিষিদ্ধ করে দেওয়া হয়। অমান্য করলে কঠিন শাস্তি দেওয়া হয়। বন্দীদেরকে এ ধরনের কক্ষে দীর্ঘ সময় ধরে রাখা হয়। মাসের পর মাস, বছরের পর বছর। সপ্তাহে একবার ২৫ মিনিটের জন্য বাহিরের আলো-বাতাসে বের করা হয়। কারারক্ষীদের মানসিক অবস্থাভেদে সময়ের ক্ষেত্রে কিছুটা কমবেশিও হয়ে থাকে। এছাড়া অন্য কোনো

কারণে একদম বের হওয়া যায় না। অবশ্য বিশেষ কোনো প্রয়োজনে যেমন, পরিবারের লোকেরা দেখতে আসলে কিংবা জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে যাওয়া হলে বা এ ধরনের অন্য কোনো বিশেষ প্রয়োজনে সাময়িক বের হওয়ার সুযোগ থাকে। পুরাতন কারাগারের সামষ্টিক গারদ নামে প্রসিদ্ধ ৩ নং ওয়ার্ডের ফটকে আরবি ও ইংরেজি ভাষায় লেখা আছে, পূর্বের সেলঘরটিতে ১০ জন বন্দী রাখা হয়।

আমরা আল্লাহর ওপর ভরসা করে আমাদের ওপর অনৈতিকভাবে চাপিয়ে দেওয়া এ বাধা ও নিষেধাজ্ঞাকে ভেঙে ফেলতে চেষ্টা করলাম। আল্লাহ তাআলা আমাদের প্রতি রহম করে আমাদের মাঝে যোগাযোগের বিভিন্ন পন্থা ও রাস্তা খুলে দিলেন। কারাগারের বিধি-বিধান যতই কঠিন হোক না কেন, শেষ পর্যন্ত এসব তো মানুষেরই তৈরি। এজন্য এতেও অনেক ফাঁক-ফোকর ও দুর্বলতা ছিল। আল্লাহর মেহেরবানিতে আমরা চিঠিপত্রের মাধ্যমে নিজেদের মাঝে যোগাযোগের একটা নেটওয়ার্ক গঠন করে ফেলি। বাহ্যিকভাবে কলম নিষিদ্ধ ছিল; তবুও গোপনে গোপনে আমরা বাহিরে থেকে কলম সংগ্রহ করলাম। কাগজ নিয়েও আমাদের কোনো চিন্তা ছিল না। অন্তত লেখা যায় এমন অনেক কিছুই জেলের ভিতর ছিল। আমরা সেগুলোতেই লেখা শুরু করলাম। শুরুতে আমাদের এ নেটওয়ার্ক আমাদের এক ওয়ার্ডের মধ্যে সীমাবদ্ধ ছিল। এর কিছুদিন পর আস্তে আস্তে অন্যান্য ওয়ার্ডগুলোতে এটি ছড়িয়ে পড়ে। এমনকি আল্লাহর অশেষ মেহেরবানিতে আমরা কখনো কখনো মহিলা ওয়ার্ডে রাখা বন্দী ভাইদের সাথেও যোগাযোগ করতে সক্ষম হতাম। পুরাতন জেলখানায় যারা থাকত, তারা কেন্দ্রীয় ওয়ার্ডসমূহ থেকে মহিলা ওয়ার্ড কতটুকু দূরত্বে আছে তা জানত।

একদিন বিদেশি বন্দীবিভাগীয় প্রধান আমাকে ডেকে বলল, 'তোমাদের কক্ষ যে রীতিমতো বন্দীদের পোস্ট অফিস বনে গেছে এ খবর আমাদের কারাকর্তৃপক্ষ ও প্রশাসনিক লোকদের নিকট আছে।' আসলে আমাদের গোপন নেটওয়ার্ক কখনো কখনো ফাঁস হয়ে যেত। তখন আমাদের নেটওয়ার্ক বা যোগাযোগ ব্যবস্থায় কিছুটা পরিবর্তন আনতে হত। আবার কখনো কখনো তীব্র বাধা ও প্রতিরোধ আসত। তখন আমাদের নেটওয়ার্ক সম্পূর্ণরূপে নির্মূল করে দেওয়া হত। তখন আমরা আবার একদম শূন্য থেকে ধীরে ধীরে নতুন নেটওয়ার্ক তৈরি করে নিতাম।

আমরা পরস্পরে চিঠিপত্র, কবিতা, বিভিন্ন বিনোদনমূলক বিষয়, হাদিয়া, বন্দীদের বিভিন্ন উদ্ভাবন ইত্যাদি শেয়ার করতাম। সকল খবর এবং সাম্প্রতিক ও সর্বশেষ অবস্থা একজন থেকে অপরজন হয়ে সবার মাঝে পৌঁছে যেত।

আমাদের মাঝে ছাত্র, সাহিত্যিক, কবি, অভিজ্ঞ পেশাজীবী এবং সাংবাদিক নানা ধরনের মানুষ ছিল। অনেক বন্দী বন্ধুদের সাথে আমাদের দেখা না হওয়া সত্ত্বেও আমরা তাদেরকে ভালোভাবে চিনতাম, জানতাম। আমাদের মাঝে গড়ে ওঠেছিল শক্ত ভ্রাতৃত্ববন্ধন। বন্দী ভাইদের সাহিত্যমান কতটা উন্নত ছিল, তা তাদের বিভিন্ন লেখা থেকে প্রমাণিত হয়। তাদের চিঠিগুলো হত ছন্দোবদ্ধ ও আলংকারিক সৌন্দর্যে ভরপুর। প্রতিটা বাক্য ছিল অনুপম ও শিল্পনৈপুণ্যে টইটম্বুর! যেন হৃদয়নিংড়ানো কালি দিয়ে লেখা সেগুলো। কলমের কালি দিয়ে বের হওয়ার পূর্বে কথাগুলো যেন হৃদয়ের ক্ষুধার্ত ও উষ্ণ অনুভব এবং জীবন্ত অনুভূতির মাঝে বিচরণ করে এসেছে। অনেক ভাইয়েরা স্মৃতির ডায়েরিতে সংরক্ষণ করে রাখার জন্য তাদের লেখাগুলো গোপনে কারাগারের বাহিরে পাঠিয়ে দিতেন।

জিজ্ঞাসাবাদকারীর সাথে

আমার বন্দীজীবনের ১২ বছরের মাথায় আমি আমার মামলা-মুকাদ্দামার অবস্থা সম্পর্কে জানার জন্য জিজ্ঞাসাবাদকারীর সাথে সাক্ষাৎ করার আবেদন করলাম। ২ সপ্তাহ পর আমার ডাক আসল। সরকারি বাহিনীর লোকেরা আমাকে চোখ বন্ধ করে, হ্যান্ডক্যাপ পরিয়ে নতুন কারাগারের সেলঘর থেকে পুরাতন কারাগারে নিয়ে যাওয়ার জন্য বের করল। প্রিজন ভ্যানে করে কয়েক মিনিটের মধ্যেই আমরা পুরাতন কারাগারের ভবনে পৌঁছে গেলাম। দুই কারাগারের মাঝে দূরত্ব খুব বেশি ছিল না। ছয় বছর পূর্বে এখান থেকেই আমাকে স্থানান্তর করা হয়েছিল। যখন পুরাতন কারাগারের ফটক দিয়ে প্রবেশ করছিলাম, তখন পুরোনো দিনের স্মৃতিগুলো আমার ভিতর জেগে ওঠতে লাগল– আহা, এখানে আমার কত আপনজন ছিল! মলিন হয়ে যাওয়া অতীত স্মৃতিগুলো আমার সামনে আবার স্পষ্ট হয়ে ওঠল। স্মৃতির ধূলিধূসর পাতাগুলো একের পর এক খুলে যেতে লাগল আমার দৃষ্টির সামনে। আত্মহারা হয়ে আমি পথ চলছিলাম। পরে এক পুলিশ আমাকে সিড়িতে চড়তে বললে আমার সম্বিৎ ফিরল। পরে ছোট একটি সিড়ির সামনে আমি তাকে সতর্ক করলে সে খুবই অবাক হল। আসলে পুলিশটা এখানে নতুন ছিল।

আমাকে হালকা হলুদ আলোয় সজ্জিত মনবিষণ্ণকারী ভীতিকর একটি কক্ষে প্রবেশ করানো হলো। এটাই জিজ্ঞাসাবাদ কক্ষ। এখানকার একটা পুরাতন নিয়ম হলো, এখানে আপনাকে জিজ্ঞাসাবাদের জন্য মধ্যরাতে ডাকা হবে। এবং আপনাকে ঘণ্টা দুই ঘণ্টা অপেক্ষায় রাখবে। আমার মামলার ব্যাপারে যাকে জিজ্ঞাসাবাদ করার জন্য নিয়োজিত করা হয়েছিল, সে কয়েক বছর পূর্বে

মারা গিয়েছিল। যাই হোক, আমিও অপেক্ষা করতে লাগলাম।

অপেক্ষা কাজটা বোরিং (বিরক্তিকর); কিন্তু এসব আমাদের গা সওয়া হয়ে গিয়েছিল। আমি কুরআন মাজীদ থেকে কয়েকটি আয়াত তিলাওয়াত করলাম, যেগুলো তিলাওয়াত করলে মনে প্রশান্তি ও স্থিরতা আসে।

অবশেষে জিজ্ঞাসাবাদকারীর আগমন ঘটল। এসেই আমাকে বলল, 'আপনার খুব দেরি করে ফেললাম বুঝি!? আসলে তা নয়, আপনাকে একটু রেস্ট নেওয়ার সময় দিচ্ছিলাম!!' আমি তাকে আমার অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করলাম। সে অনেক্ষণ ধরে এটা সেটা নিয়ে বকবক করল। কথা বলার সময় হঠাৎ একটা চিন্তা মাথায় আসল। আমি তাকে একজন ভাইয়ের সাথে সাক্ষাৎ করিয়ে দিতে অনুরোধ করলাম। (ঐ ভাইকে আমার সাথে একই মামলায় গ্রেফতার করা হয়েছিল। অনেক বছর ধরে তার দেখা পাচ্ছিলাম না। তার পরিণতি সম্পর্কে আমার আশা ও সংশয় উভয়টিই ছিল।)

সে অনুরোধ নাকচ করে দিল। তারপর বলল, এখনো দেখি– সে পুরোনো গোমরাহিতে আছেন!! তার কথা শুনে আমার খুব হাসি পেল।

বন্দীজীবনের কিছু স্মৃতি বছরের পর বছর জুড়ে আমার অন্তরলোকে প্রতিধ্বনিত হয়। কিছু মুহূর্ত খুবই মধুর হয় যেগুলোর স্বাদ ও সুবাস এখনো অনুভব করি আমার ভিতরে। পুরাতন জেলখানার ৩ নং ওয়ার্ডের ১১৬ নং কক্ষ আমার জেলজীবনের সবচেয়ে সুন্দর আবাসস্থল ছিল। অনেক বছর সেখানে কাটিয়েছি আমি। প্রতারণামূলক কৌশলের মাধ্যমে আমাকে এখান থেকে বিচ্ছিন্ন সেলঘরে নিয়ে যাওয়া হয়েছিল।

বন্দীজীবনের এ সুন্দর বছরগুলোর অনেক মধুময় স্মৃতি আছে। কক্ষটিতে সম্ভবত ৪ জন শহীদ অবস্থান করেছিলেন। তাঁরা ২২-৩-১৪৩৭ হিজরী তারিখে ফাঁসি কার্যকর করা আহলে সুন্নাতের মোবারক মুজাহিদ বাহিনীর অন্তর্ভুক্ত ছিলেন। আল্লাহ তাঁদের সকলকে কবুল করুন। তাঁরা হলেন, নাসির ইবনে আলী আল-কাহতানী রহ. (আবু সারা), তাঁর ভাই ফাহাদ ইবনে আলী আল-কাহতানী রহ. (আবু আলী), মুআইদ আল-কাহতানী রহ. (উবাইদা) এবং অপরজন সম্ভবত ফকীহ খাল্লাদ রহ.।

আবু সারা রহ. এর সাথে আমার বিশেষ ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক ছিল। বেহেশতি সৌহার্দ ছিল আমাদের মাঝে। তাঁর প্রতি আমার হৃদয়ে কী পরিমাণ ভালোবাসা ছিল? তা কলম দ্বারা প্রকাশ করা সম্ভব নয়। তিনি ছিলেন আমার প্রাণ, আমার চক্ষু শীতলকারী, আমার হৃদয়রাজ্যের রাজা। ভাইয়ের যত অর্থ হতে পারে, সকল অর্থে তিনি আমার ভাই ছিলেন। এ কক্ষটি আমাদের বৈঠক, আমাদের কথোপকথন এবং গল্পগুজবের সাক্ষ্য বহন করে। তিনি ছিলেন সত্যিকারের ভ্রাতৃত্বের বাস্তব উদাহরণ, অনুপম চরিত্রের মডেল। তাঁর ফাঁসির সময় দায়িত্বে থাকা এক কারারক্ষী বলেছেন যে, তিনি তাঁর মরদেহ থেকে মিশকের সুবাস পেয়েছেন। আল্লাহর তাঁর ওপর রহমত বর্ষণ করুন এবং তাঁকে শহীদদের দলে অন্তর্ভুক্ত করে নিন।

আর তাঁর ভাই আবু আলী রহ. এর মতো ইবাদতগুজার ও আল্লাহভীরু বান্দা আমি আর দেখিনি। তিনি ছিলেন দুনিয়াবিমুখ আবেদ, তাকওয়াবান বুজুর্গ। তাঁর ইলমও ছিল প্রচুর যেন একটা ভ্রাম্যমান কিতাব। রোজা, তাহাজ্জুদ এবং আল্লাহর প্রতি একাগ্র হয়ে ইবাদত করার ক্ষেত্রে তিনি ছিলেন অনন্য। ১৪৩০ হিজরীতে আমি একটি স্বপ্নে দেখলাম যে, কিয়ামত কায়েম হয়ে গেছে এবং সকল মানুষ হিসাবের জন্য লাইনে দাঁড়িয়ে আছে। তখন হযরত আয়েশা রাযি. বললেন– হে আল্লাহ, আমাদের সামনে বিরাজমান হোন; যাতে আমরা আপনাকে দেখতে পারি। তখন আল্লাহ তাআলা বললেন– হ্যাঁ, আমি আসছি। তারপর আল্লাহ বললেন– হে আবু আলী, দাঁড়াও এবং লোকদের নিয়ে নামাজ পড়। আল্লাহ তাঁর ওপর রহমত বর্ষণ করুন এবং তাঁকে শহীদদের দলে অন্তর্ভুক্ত করে নিন।

